

# AKASHVANI (AIR)

RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 11.12.2024**

**Time: 7.35 A.M.**

### বিশেষ বিশেষ খবর –

১/ প্রধানমন্ত্রী ‘স্মার্ট ইন্ডিয়া হ্যাাকাথন’-এর চূড়ান্ত পর্বের তরুণ আবিষ্কর্তাদের সঙ্গে কথা বলবেন।

# এ রাজ্যে IIT খড়গপুরে প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

২/ রাষ্ট্রপতি আজ নতুন দিল্লির বিজ্ঞান ভবনে পঞ্চায়েত পুরস্কার প্রদান করবেন।

৩/ রাজ্যপাল আজ মুর্শিদাবাদের ফারাক্কায় BSF-এর মহিলা বাহিনীর ‘গঙ্গা দূষণ মুক্তি’ ‘সচেতনতার নৌ যাত্রার সূচনা করতে চলেছেন।

৪/ রাজ্য সরকার শহরের পর এবার গ্রামাঞ্চলেও, দুর্ঘটনা কমানোর উদ্দেশ্যে ‘স্পিড ব্রেকার’ বসানোর সিদ্ধান্ত নিয়েছে।

৫/ RG Kar-এ তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনার শুনানি একমাসের মধ্যেই শেষ হয়ে যাবে বলে শীর্ষ আদালত জানিয়েছে।

# সুপ্রিম কোর্টে মামলার পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে ১৭ই মার্চ।

৬/ ৩০-তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আজ শেষ হচ্ছে।

৭/ বাংলা আজ সৈয়দ মুস্তাক আলি ট্রফির কোয়ার্টার ফাইনালে বরোদার বিরুদ্ধে খেলবে।

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ ‘স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন ২০২৪’-এর চূড়ান্ত পর্বের তরুণ আবিষ্কর্তাদের সঙ্গে কথা বলবেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশেজুড়ে ৫১-টি কেন্দ্রে আয়োজিত ওই অনুষ্ঠানে অংশ নেবেন প্রধানমন্ত্রী। ১৩-শোর বেশি পড়ুয়ার দল চূড়ান্ত প্রতিযোগিতায় প্রতিদ্বন্দ্বিতা করবেন। প্রধানমন্ত্রী এই অনুষ্ঠানে সমাবেতদের উদ্দেশে ভাষণ’ও দেবেন।

আই আই টি খড়গপুরে স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথনের চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতা আয়োজন করা হচ্ছে। পড়ুয়াদের ৩৫-টি দল সেখানে অংশ নেবে।

উল্লেখ্য, সপ্তম স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন, ১১ ই ডিসেম্বর একসঙ্গে দেশের ৫১ টি কেন্দ্রে শুরু হবে। সফটওয়্যার সংস্করণ চলবে একটানা ৩৬ ঘণ্টা।

অন্যদিকে হার্ডওয়্যার সংস্করণ চলবে ১৫ ই ডিসেম্বর পর্যন্ত।

\*\*\*\*\*

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লির বিজ্ঞান ভবনে জাতীয় পঞ্চায়েত পুরস্কার প্রদান করবেন।

এবছর ১ লক্ষ ৯৪ হাজার গ্রাম পঞ্চায়েতের মধ্য থেকে বিভিন্ন বিভাগে ভালো কাজ করার জন্য মোট ৪৫-টি পুরস্কার দেওয়া হবে।

তৃণমূল স্তর থেকে দীর্ঘ মেয়াদী উন্নয়নমূলক কাজের পরিচালনাকে স্বীকৃতি হিসেবেই এই পুরস্কার, যা আগামী দিনে পঞ্চায়েত ব্যবস্থাকে শক্তিশালী করতে সাহায্য করবে। এবছর ত্রিপুরা এবং ওড়িশা সর্বোচ্চ ৭-টি করে পুরস্কার পাচ্ছে।

আজকের অনুষ্ঠানে পঞ্চায়েতিরাজ মন্ত্রী, পুরস্কারপ্রাপ্ত পঞ্চায়েতগুলির ওপরে একটি পুস্তিকা’ও প্রকাশ করবেন।

\*\*\*\*\*

রাজ্যে ভূমি ও ভূমি সংস্কার দপ্তরে ব্যাপক দুর্নীতির অভিযোগে প্রদেশ কংগ্রেস আজ গোটা রাজ্যে প্রতিবাদ বিক্ষোভ কর্মসূচি পালন করবে। প্রদেশ কংগ্রেসের তরফ থেকে

জানানো হয়েছে রাজ্যজুড়ে BLRO অফিস ঘেরাও, বিক্ষোভ কর্মসূচি পালন করবেন কংগ্রেসের নেতাকর্মী সমর্থকরা।

\*\*\*\*\*

রাজ্যপাল সি ভি আনন্দ বোস, আজ সকালে মুর্শিদাবাদের ফারাক্কায় BSF-এর মহিলা বাহিনীর ‘গঙ্গা দূষণ মুক্তি সচেতনতা নৌযাত্রা’র পশ্চিমবঙ্গ পর্যায়ের যাত্রার সূচনা করবেন। ফারাক্কায় গান্ধীঘাটে এই নৌ যাত্রা উপলক্ষে নৃত্য বন্দনা, নমামী গঙ্গে সঙ্গীত সহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

রাজ্যপাল ছাড়াও আজকের এই নৌযাত্রা সূচনা অনুষ্ঠানে BSF-এর দক্ষিণবঙ্গের অতিরিক্ত মহানির্দেশক রবি গান্ধী, IG মনিন্দর প্রতাপ সিং, মালদা সেক্টরের DIG তরুণ কুমার গৌতম এবং জেলা প্রশাসনের কর্তারা উপস্থিত থাকবেন। এই প্রথম বার BSF-মহিলা বাহিনীর এই নৌযাত্রার আয়োজন করেছে।

উল্লেখ্য, গত ২ রা নভেম্বর গঙ্গোত্রী থেকে শুরু হয়েছে ২০ জন মহিলা বিএসএফ কর্মী নিয়ে এই যাত্রা। ৫০ দিনে প্রায় আড়াই হাজার কিলোমিটার নদীপথ অতিক্রম করে ২৪ শে ডিসেম্বর তা শেষ হবে গঙ্গা সাগরে। পথমধ্যে বিভিন্ন জায়গায় নদী পাড়ের বাসিন্দা ও স্বেচ্ছাসেবীদের দেওয়া হবে ‘নির্মল গঙ্গা’ ও মহিলা ক্ষমতায়নের বিশেষ বার্তা।

\*\*\*\*\*

শহরের পর এবার গ্রামাঞ্চলেও দুর্ঘটনা কমানোর উদ্যোগ নিল রাজ্য সরকার। গ্রামের বড় রাস্তাগুলিতেও এখন ‘স্পিড ব্রেকার’ বসানো হবে বলে প্রশাসন সিদ্ধান্ত নিয়েছে। গাড়ির বেপরোয়া গতি নিয়ন্ত্রণ করার জন্যও বিশেষ ব্যবস্থা নেওয়া হবে। কোন্ রাস্তায়, গাড়ির কত গতিবেগ থাকা উচিত তা খতিয়ে দেখা হবে। এই কাজের জন্য সরকার তৈরি করতে চলেছে ‘স্পিড ম্যানেজমেন্ট পলিসি’।

রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ গতকাল এই নিয়ে রোড সেফটি কাউন্সিলের সঙ্গে এক বৈঠক করেন। ওই বৈঠকেই রাজ্যের এই সিদ্ধান্তের কথা জানানো হয়। বৈঠকে স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম জানিয়েছেন, রাজ্যের যে কোনও প্রান্তে দুর্ঘটনা ঘটলে

নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্রে আহতদের চিকিৎসার সব ব্যবস্থা আছে কিনা তা দেখা হবে। দুর্ঘটনাস্থলের আশপাশে বড় হাসপাতাল না থাকলে, আহতকে কোথায় নিয়ে যাওয়া হচ্ছে, তাঁর চিকিৎসার কী ব্যবস্থা হচ্ছে, সেই পুরো বিষয়টিও খতিয়ে দেখা হচ্ছে। শুধু গতিবেগ নিয়ন্ত্রণই নয়, দুর্ঘটনায় আহত ব্যক্তিদের চিকিৎসায় কোনও সমস্যা হচ্ছে কিনা তাও খতিয়ে দেখবে স্বাস্থ্য দপ্তর। এর জন্য দপ্তর ‘ডেটাবেস’ তৈরি করছে।

পরিবহন দপ্তরে তথ্য বলছে, দেশের মধ্যে একমাত্র এরায়েই ব্লক স্তর পর্যন্ত রোড সেফটি কমিটি রয়েছে। এক মাত্র এ রায়েই দুর্ঘটনা রোধে শহর থেকে গ্রামের প্রত্যন্ত এলাকা পর্যন্ত বিভিন্ন ব্যবস্থা নেওয়া হয়েছে। কোথাও দুর্ঘটনা ঘটলে সঙ্গে সঙ্গে তার কারণ খতিয়ে দেখা হচ্ছে। দ্রুত সেই জায়গায় দুর্ঘটনা এড়ানোর উপযুক্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে পুলিশ প্রশাসন এবং পরিবহন দপ্তর সূত্রে জানা গেছে।

\*\*\*\*\*

সিউড়িতে ময়ুরাঙ্গী নদীর ব্যারেজে ফাটল মেরামতের জন্য ১৪ নম্বর জাতীয় সড়কে ওই ব্যারেজের ওপর দিয়ে আগামী রবিবার ১৫ ডিসেম্বর থেকে ভারী যান চলাচল নিষিদ্ধ করা হচ্ছে। তার আগে বিকল্প রাস্তা কি হবে, তা’ ঠিক করতে বীরভূম জেলা প্রশাসনের ব্যস্ততা তুঙ্গে। জেলাশাসক গতকাল বিকল্প রাস্তা হিসাবে ব্যবহারের জন্য প্রতিবেশী ঝাড়খন্ড-এর রাণীশ্বর থানা এলাকার রাস্তা পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন বীরভূমের পুলিশ সুপার ও প্রশাসনিক আধিকারিকরা।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, ১৪ নম্বর জাতীয় সড়ক দিয়ে দেউচা-পাচামী সহ বীরভূমের পাথর বলয় থেকে হাজারো লরি ডাম্পার পাথর নিয়ে যায়। সেক্ষেত্রে ঝাড়খন্ড, আমজোড়া ব্রিজের ভারবহন ক্ষমতা বিবেচনা করে ভারী যানবাহন চলাচলের অনুমতি না দিলে, তিলপাড়া ব্যারেজ থেকে একশ মিটার দূরে ময়ুরাঙ্গী নদীর ওপর অস্থায়ী রাস্তা তৈরি করে ভারী গাড়ি যাতায়াতের ব্যবস্থার জন্য জায়গা খতিয়ে দেখেন জেলাশাসক ও পুলিশ সুপার। তবে এই অস্থায়ী রাস্তা ১৫ তারিখের মধ্যে তৈরি করা সম্ভব কিনা, তা নিয়ে প্রশ্ন দেখা দিচ্ছে।

\*\*\*\*\*

কারিগরী এবং বৃত্তিমূলক শিক্ষা ক্ষেত্রে রাজ্যে সাফল্যের নতুন নজির তৈরি হয়েছে বলে বিভাগীয় মন্ত্রী ইন্দ্রনীল সেন জানিয়েছেন।

বিধানসভার প্রশ্নোত্তর পর্বে তিনি বলেন, আগের তুলনায় কারিগরি শিক্ষা দপ্তরের বাজেট ২০০ গুন বেড়ে হয়েছে ১ হাজার ৩৭৯ কোটি টাকা। তৈরি হয়েছে বহু পলিটেকনিক ও আইটিআই কলেজ। রাজ্যের ২০৫টি ব্লকে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র তৈরি হয়েছে। আরো ৪১ টি ব্লকে তা তৈরির জন্য ইতিমধ্যে জমি চিহ্নিত করা হয়েছে। এছাড়া ১৯ টির বেশী জায়গায় নানা চাকরি-মুখী কাজের প্রশিক্ষণ দিতে খোলা হয়েছে বিশেষ কেন্দ্র। ‘উৎকর্ষ বাংলা’ প্রকল্পের আওতায় কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ নিয়ে পড়ুয়ারা ক্যাম্পাস থেকেই সরাসরি চাকরি পাচ্ছেন।

\*\*\*\*\*

রাজ্যে আরও তিনটি বেসরকারি বিশ্ববিদ্যালয় তৈরি হতে চলেছে। এর মধ্যে হুগলি জেলার ধনেখালিতে রবীন্দ্রনাথ ঠাকুরের নামাঙ্কিত এবং উত্তর ২৪ পরগণার আগরপাড়ায় রামকৃষ্ণ পরমহংস দেবের নামে বিশ্ববিদ্যালয় তৈরির জন্য আজ বিধানসভায় একটি বিল গৃহীত হয়েছে। বিলের ওপর আলোচনা শেষে জবাবী ভাষণে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বলেন, সরকারি বেসরকারি মিলিয়ে এ রাজ্যে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বেড়ে হচ্ছে ৪৬।

এর আগে বিলের ওপর আলোচনায় অংশ নিয়ে বিরোধী বিজেপি রাজ্যে নতুন বিশ্ববিদ্যালয় হওয়ার বিষয়টিকে স্বাগত জানালেও পরিকাঠামো সহ নানা বিষয় নিয়ে প্রশ্ন তোলেন। বিরোধী পক্ষের মুখ্য সচেতক শঙ্কর ঘোষ অভিযোগ করেন, রাজ্যে একাধিক বিশ্ববিদ্যালয় তৈরি হলেও উপযুক্ত শিক্ষক বা পড়ানোর সরঞ্জামেরও ঘাটতি রয়েছে।

আইএসএফ সদস্য নৌশাদ সিদ্দিকি শিক্ষা ব্যবস্থাকে বেসরকারি হাতে তুলে দেওয়ার অভিযোগ আনেন।

আলোচনার শেষে ‘ধ্বনী ভোটে’ বিল দুটি সভায় গৃহীত হয়।

\*\*\*\*\*

RG KAR হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের মামলার শুনানি এক মাসের মধ্যেই সম্পূর্ণ হয়ে যাবে বলে সুপ্রিম কোর্ট জানিয়েছে। এই মামলায় সিবিআই-এর সর্বশেষ স্ট্যাটাস রিপোর্ট পর্যবেক্ষণের পর শীর্ষ আদালত গতকাল এ কথা জানায়। শিয়ালদায় বিশেষ সিবিআই আদালতে সোম থেকে বৃহস্পতি দৈনিক ভিত্তিতে এর শুনানি চলছে।

সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সঞ্জীব খান্না এবং বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চে গতকালের শুনানিতে সিবিআই-এর পক্ষে সলিসিটর জেনারেল তুষার মেহেতা জানান, RG KAR হাসপাতালের আর্থিক অনিয়মের বিষয় পৃথকভাবে তদন্ত করা হয়েছে। অভিযুক্ত ব্যক্তি সরকারী কর্মচারী হওয়ায় রাজ্য সরকারের অনুমতির জন্য অপেক্ষা করা হচ্ছে। নিহত চিকিৎসক পড়ুয়ার পক্ষে আইনজীবী বৃন্দাথোভার বলেন, সিবিআই হত্যা ও ধর্ষণ মামলায় অতিরিক্ত চার্জশিট পেশ করবে বলে আশা করছেন।

জুনিয়ার ডাক্তারদের পক্ষ থেকে আইনজীবী ইন্দিরা জয় সিং রাজ্যের পদক্ষেপের ওপর নজরদারি করার জন্য নিরপেক্ষ কমিটি গঠন করার দাবি জানান। এব্যাপারে প্রধান বিচারপতি তাদের জাতীয় টাস্কফোর্সের কাছে যেতে বলেন। সেখানেই সব দাবি বা অভিযোগ জানাতে পারবেন চিকিৎসকরা। সব খতিয়ে দেখে ১২ সপ্তাহ পর টাস্ক ফোর্স রিপোর্ট দেবে।

অন্যদিকে, আর জি কর-এর চিকিৎসক তরুণীর নাম প্রকাশ্যে নেওয়ায় কলকাতার প্রাক্তন পুলিশ কমিশনার বিনীত কুমার গোয়েলের বিরুদ্ধে করা মামলা প্রত্যাহারের অনুমতি দিয়েছে শীর্ষ আদালত।

১৭-ই মার্চ সুপ্রিম কোর্টে আর জি কর সংক্রান্ত মামলার পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে। ।

এদিকে, সুপ্রিম কোর্টে আরজিকর মামলার শুনানি তিন মাসেরও বেশি সময় পিছিয়ে যাওয়ায় তীব্র হতাশা ব্যক্ত করেছেন নির্যাতিতার বাবা মা আদালতে সিবিআই মিথ্যা দাবী করছে বলেও অভিযোগ করেছেন তারা।

( বাইট- বাবা- মা)

সুপ্রিম কোর্টে RG KAR মামলার পরবর্তী শুনানি পিছিয়ে যাওয়ায় সিপিআইএম'ও তীব্র ক্ষোভ প্রকাশ করেছে। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে এ সংক্রান্ত এক প্রশ্নের জবাবে বলেন, আদালত যত লম্বা সময় নেবে, এব্যাপারে আন্দোলন ও তীব্রতর হবে।

তিনি আরও বলেন, শুনানির দিন পিছিয়ে যাচ্ছে আর নিহত ওই তরুণী চিকিৎসকের বাবা - মা বিচারের জন্য ঘুরে বেড়াচ্ছেন।

\*\*\*\*\*

কয়লা পাচার মামলায় আজ আসানসোল সিবিআই আদালতে ৪৮ জনের বিরুদ্ধে চার্জ গঠন করা হয়েছে। এদের মধ্যে তিনজন ভারুয়ালি হাজিরা দেন, বাকিরা সবাই সিবিআই আদালতে এসে হাজিরা দেন। অভিযুক্তদের বিরুদ্ধে মূলত প্রতারণা, চুরি, সরকারী সম্পত্তি আত্মসাৎ সহ বিভিন্ন ধারা যুক্ত করা হয়েছে।

আগামী একুশে জানুয়ারি পরবর্তী শুনানির নির্দেশ দিয়েছেন বিশেষ আদালতের বিচারক রাজেশ চক্রবর্তী।

\*\*\*\*\*

৩০ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আজ শেষ হচ্ছে। বিকেলে রবীন্দ্রসদনে সমাপ্তি অনুষ্ঠানে 'ইন্টারন্যাশনাল কম্পিটিশন' বা ইনোভেশন ইন মুভিং ইমেজেস, এই বিভাগে সেরা ছবিকে 'রয়্যাল বেঙ্গল ট্রফি' অ্যাওয়ার্ড দেওয়া হবে। 'কম্পিটিশন অন ইন্ডিয়ান ল্যাঙ্গুয়েজ'-এই বিভাগে হীরালাল সেন মেমোরিয়াল ট্রফি দেওয়া হবে বেস্ট ফিল্ম ও বেস্ট ডিরেক্টরকে। এছাড়াও থাকছে নেটপ্যাক এওয়ার্ড এবং স্বল্পদৈর্ঘ্য ও তথ্যচিত্রের সেরা ছবির জন্য রয়েল বেঙ্গল টাইগার ট্রফি।

গতকাল সন্ধ্যায় পরিচালক শেখর দাস এবারের উৎসব সম্পর্কে আকাশবাণীকে বলেন, আন্তর্জাতিক প্রতিযোগিতা বিভাগে যথেষ্ট ভালো ছবি এবার এসেছে। তবে উৎসব শেষ হয়ে যাবার প্রাক মুহূর্তে সবার মধ্যেই মন খারাপের সুর।

( বাইট- শেখর দাস )

\*\*\*\*\*

আজ সুন্দরবন দিবস। এই উপলক্ষ্যে দক্ষিণ ২৪ পরগনা জেলার সুন্দরবনে থাকা ১৩টি ব্লকে দিনটি পালন করা হবে সুন্দরবন রক্ষার শপথ নিতে।

মূল অনুষ্ঠানটি হবে সাগরের রুদ্রনগর কৃষক বাজারে। এই অনুষ্ঠানের উদ্বোধক সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বঙ্কিম হাজরা। সুন্দরবন উন্নয়ন দপ্তরের আধিকারিকরা উপস্থিত থাকবেন।

এছাড়াও থাকছে নানান প্রতিযোগিতামূলক অনুষ্ঠান, সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনাসভা। থাকছে সুন্দরবন বিষয়ক প্রদর্শনী।

\*\*\*\*\*

বাংলা আজ সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি -২০ ক্রিকেট টুর্নামেন্টের কোয়ার্টার ফাইনাল ম্যাচে বরোদার বিরুদ্ধে খেলবে। ব্যাঙ্গালুরুর এম চিন্নাস্বামী স্টেডিয়ামে খেলা শুরু হবে সকাল ১১ টায়।

প্রি কোয়ার্টার ফাইনাল ম্যাচে বাংলা চন্ডিগড়কে ৩ রানে হারিয়ে শেষ আটে পৌঁছয়।

\*\*\*\*\*